

💵 বিদ'আত পরিচিতির মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ বিদ'আতের মৌলিক নীতিমালা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

অষ্টম নীতি

যে সকল ইবাদাত শরী'আতে নির্ধারিত সময়, স্থান ও পদ্ধতির সাথে প্রণয়ন করা হয়েছে সেগুলোকে সে নির্ধারিত সময়, স্থান ও পদ্ধতি থেকে পরিবর্তন করা বিদ'আত বলে গণ্য হবে।

উদাহরণ:

- ১। নির্ধারিত সময় পরিবর্তনের উদাহরণ: যেমন, জিলহাজ্জ মাসের এক তারিখে কুরবানী করা। কেননা কুরবানীর শরঙ্গী সময় হলো ১০ যিলহজ ও তৎপরবর্তী আইয়ামে তাশরীকের দিনগুলো।
- ২। নির্ধারিত স্থান পরিবর্তনের উদাহরণ: যেমন, মসজিদ ছাড়া অন্য কোথাও ই'তিকাফ করা। কেননা শরী'আত কর্তৃক ই'তিকাফের নির্ধারিত স্থান হচ্ছে মসজিদ।
- ৩। নির্ধারিত শ্রেণি পরিবর্তনের উদাহরণ: যেমন, গৃহ পালিত পশুর পরিবর্তে ঘোড়া দিয়ে কুরবানী করা।
- ৪। নির্ধারিত সংখ্যা পরিবর্তনের উদাহরণ: যেমন, পাঁচ ওয়াক্তের অতিরিক্ত ৬ষ্ঠ আরো এক ওয়াক্ত সালাত প্রচলন করা। কিংবা চার রাকাত সালাতকে দুই রাকাত কিংবা দুই রাকাতের সালাতকে চার রাকাতে পরিণত করা।
- ে। নির্ধারিত পদ্ধতি পরিবর্তনের উদাহরণ: অযু করার শরঈ' পদ্ধতির বিপরীতে যেমন দু'পা ধোয়ার মাধ্যমে অযু শুরু করা এবং তারপর দু'হাত ধৌত করা এবং মাথা মাসেহ করে মুখমণ্ডল ধৌত করা। অনুরূপভাবে সালাতের মধ্যে আগে সাজদাহ ও পরে রুকু করা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9914

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন